


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।

### প্রেস বিজ্ঞপ্তি

বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহে ভ্যাট আদায় বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এর ব্যাখ্যা :

- ❖ নতুন করে শিক্ষার্থীদের নিকট হতে আদায়ের উদ্দেশ্যে ভ্যাট আরোপ করা হয়নি।
- ❖ বিদ্যমান টিউশন ফি'র মধ্যে ভ্যাট অন্তর্ভুক্ত রয়েছে।
- ❖ ভ্যাট বাবদ অর্থ পরিশোধ করার দায়িত্ব সম্পূর্ণরূপে বেসরকারি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের, কোনক্রমেই শিক্ষার্থীদের নয়।
- ❖ বিদ্যমান টিউশন ফি'র মধ্যে ভ্যাট অন্তর্ভুক্ত থাকায় টিউশন ফি বাড়ার কোন সুযোগ নেই।

বর্ণিত প্রেস বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় স্ক্রল ও সংবাদ আকারে প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

  
(সৈয়দ এ মু'মেন)  
জনসংযোগ কর্মকর্তা  
মোবাইলঃ ১৭৫৮৮৭১০৭১

বার্তা সম্পাদক

সকল ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া।

## বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহে ভ্যাট আদায় বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এর ব্যাখ্যাঃ

- ❖ নতুন করে শিক্ষার্থীদের নিকট হতে আদায়ের উদ্দেশ্যে ভ্যাট আরোপ করা হয়নি।
- ❖ বিদ্যমান টিউশন ফি'র মধ্যে ভ্যাট অন্তর্ভুক্ত রয়েছে।
- ❖ ভ্যাট বাবদ অর্থ পরিশোধ করার দায়িত্ব সম্পূর্ণরূপে বেসরকারি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের, কোনক্রমেই শিক্ষার্থীদের নয়।
- ❖ বিদ্যমান টিউশন ফি'র মধ্যে ভ্যাট অন্তর্ভুক্ত থাকায় টিউশন ফি বাড়ার কোন সুযোগ নেই।

### বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহের উপর ভ্যাট আরোপের প্রাসঙ্গিকতা

- ❖ অভ্যন্তরীণ রাজস্বের এক তৃতীয়াংশের বেশি আদায় হয় ভ্যাট খাত থেকে।
- ❖ আদায়কৃত ভ্যাট দেশের আপামর জনসাধারণের জীবনমান উন্নয়নে ব্যয় করা হয়।
- ❖ যথাযথ ভ্যাট পরিশোধে বাঁধা সৃষ্টি হলে তা দেশের বৃহত্তর জনগোষ্ঠীর উন্নয়নের গতি বাঁধাগ্রস্ত করে। দারিদ্র বিমোচনের পথ রুদ্ধ করে।
- ❖ পৃথিবীর অনেক দেশে বেসরকারি শিক্ষা ব্যবস্থা ভ্যাটের আওতামুক্ত নয়। মূলত নির্দিষ্ট কিছু Criteria এর ভিত্তিতে এই ভ্যাট আরোপ করা হয়। যেমনঃ ইংল্যান্ডে বিশেষ ক্ষেত্রে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উপর ভ্যাট প্রযোজ্য রয়েছে। এছাড়া নিউজিল্যান্ড (১৫% হারে) এবং সিঙ্গাপুরে (৭%) হারে বেসরকারি শিক্ষা ব্যবস্থার উপর ভ্যাট প্রযোজ্য।
- ❖ বাংলাদেশে বিগত ২০০৬ সাল হতে ইংলিশ মিডিয়াম স্কুলের উপর ভ্যাট প্রযোজ্য। উল্লেখ্য পূর্বে এই খাতে ভ্যাটের হার ৪.৫% থাকলেও গত ২০১৪-১৫ অর্থবছর হতে এই হার বৃদ্ধিপূর্বক ৭.৫% নির্ধারণ করা হয়। দেশের উন্নয়নের স্বার্থে অভিভাবকগণ এই ভ্যাট যথারীতি পরিশোধ করছেন।
- ❖ একটি উন্নয়নশীল দেশের সমাজ ব্যবস্থার মধ্যে অর্থনৈতিক সাম্যতা (equity) নিশ্চিতকরণের লক্ষ্যে অপেক্ষাকৃত সুবিধাজনক অবস্থায় থাকা বেসরকারি বিশ্ববিদ্যালয়ের টিউশন ফি এর উপর ভ্যাট প্রযোজ্য হওয়া সমীচীন।
- ❖ ২০১৫-১৬ অর্থবছরের বাজেটে প্রাথমিকভাবে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উপর ১০% ভ্যাট আরোপ করা হলেও পরবর্তীতে ছাত্র-ছাত্রী ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষসমূহের অনুরোধের প্রেক্ষিতে মহান জাতীয় সংসদে বিস্তারিত আলোচনার মাধ্যমে ভ্যাটের হার হ্রাসপূর্বক ৭.৫% নির্ধারণ করা হয়।